



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com



স্মারক নং- মাউশিবেদিনি/প্রশাস/সংস্থাপন/বিজ্ঞপ্তি/১৬/২০০৮/১৬৫০(১)

তারিখ : ১২/১২/২০২১খ্রি.

বিজ্ঞপ্তি

অত্র শিক্ষা বোর্ডের অধীন নাম ও বয়স সংশোধন সংক্রান্ত সেবা গ্রহীতাগণ, সকল নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সকল কলেজের অধ্যক্ষগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সেবা সহজিকরণ এবং দ্রুততম সময়ে সেবা গ্রহণের লক্ষ্যে নাম ও বয়স সংশোধন সংক্রান্ত আবেদন অনলাইনে ই-মেইলের মাধ্যমে শিক্ষা বোর্ডে দাখিল করতে হবে। শিক্ষা বোর্ডের নির্ধারিত ফরম পূরণ করে নিম্নবর্ণিত শর্তে উল্লিখিত কাগজপত্রসহ শিক্ষা বোর্ডের বর্ণিত ই-মেইলের nacdinajpureducationboard@gmail.com মাধ্যমে অনলাইনে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

শিক্ষার্থীর নিজ/পিতা/মাতার নাম ও বয়স সংশোধন এবং জেতার সংশোধনের জন্য অবশ্য প্রয়োজনীয় কাগজপত্র, শর্ত ও নিয়মবলী :

০১. নির্ধারিত ফরমে আবেদন।
০২. শিক্ষার্থীর নিজ/পিতা/মাতার নাম সংশোধন এবং শিক্ষার্থীর বয়স সংশোধনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রণেয় প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
০৩. শিক্ষার্থীর জন্ম সনদ (সঠিক)।
০৪. শিক্ষার্থীর পি. ই. সি. পাশের সনদ (সঠিক)।
০৫. ৬ষ্ঠ শ্রেণিতে শিক্ষার্থীর ভর্তি রেজিস্টারের (সঠিক/সংশোধিত) কপি।
০৬. পিতা/মাতার নাম সংশোধনের ক্ষেত্রে তাঁদের NID কার্ডের কপি (সঠিক)।
০৭. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর বরাবর, জেএসসি-এর জন্য ১০০০/- (এক হাজার) টাকা, এসএসসি ও এইচএসসি-এর জন্য ১০০০/- (এক হাজার) টাকা এবং বয়স সংশোধন ফি-১০০০/- (এক হাজার) টাকা সোনালী ব্যাংকে সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে রশিদসহ আবেদন দাখিল করতে হবে।
০৮. শিক্ষার্থীর রেজিস্ট্রার কার্ডের জেতার সংশোধনের ক্ষেত্রে ১০০০/- (এক হাজার) টাকা সোনালী সেবার মাধ্যমে সোনালী ব্যাংকে জমা দিয়ে রশিদসহ আবেদন দাখিল করতে হবে।
০৯. শিক্ষার্থীর জেএসসি/এসএসসি/এইচএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, ট্রান্সক্রিপ্ট ও সার্টিফিকেট এর ফটোকপি।
১০. শিক্ষার্থীর জন্ম তারিখ সংশোধনের আবেদন দাখিলের ক্ষেত্রে আবেদনকারী শিক্ষার্থীকে এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের মধ্যে শিক্ষা বোর্ডে বয়স সংশোধনের আবেদন দাখিল করতে হবে।
১১. নাম ও বয়স সংশোধন সত্ত্বে উপস্থিতির দিন সোনালী সেবার মাধ্যমে সোনালী ব্যাংকে জমাকৃত মূল রশিদ বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির মূল রেজিস্টার ও মূল সনদসমূহ (০৩, ০৪, ০৬ ও ০৯ নং ক্রমিকে বর্ণিত) শিক্ষা বোর্ডে প্রদর্শন করতে হবে।

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।

প্রফেসর মোঃ জাহির উদ্দিন

সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো :

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড (বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীদের অবহিতকরণের অনুরোধসহ)
- ২। কলেজ পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড (বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীদের অবহিতকরণের অনুরোধসহ)
- ৩। বিদ্যালয় পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড (বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীদের অবহিতকরণের অনুরোধসহ)
- ৪। উপসচিব, অত্র শিক্ষা বোর্ড (বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীদের অবহিতকরণের অনুরোধসহ)
- ৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড (বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীদের অবহিতকরণের অনুরোধসহ)
- ৬। একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ৭। ওয়েব কপি, অত্র শিক্ষা বোর্ড।
- ৮। অফিস কপি, অত্র শিক্ষা বোর্ড।